1000 Rs.




admissible under rule 21 and ... u/s 5 (i) 14 of the W B L.R. Act 1976 Duly stamped/Exempt trans/ does not require stamp duty under the Indian stamp act 1899.
Schedule 1 A No........ 23
... paid ........
Fees paid 7-50 ... in C.P.R. Fees

... [illegible] Sub-Registrar
... (Sr) Sub Office.

মং ২০,০০০ , কুড়ি হাজার টাকা পণে

সাফ বিক্রয় কোবালা ।

*********************

ক্রেতা
****

:- ১) শ্রী প্রবীর রঞ্জন বিশ্বাস , ২) শ্রী সমীর রঞ্জন বিশ্বাস , উভয়ের পিতা শ্রী সুরেন্দ্র নাথ বিশ্বাস , উভয়ের সাং রেকজোয়ানী , থানা - রাজারহাট , জেলা উত্তর ২৪ পরগণা , জাতি - হিন্দু , পেশা - ব্যবসা ।

বিক্রেতা
******

:- শ্রী আদিত্য আচারিয়া , পিতা মৃত নিরোদ আচারিয়া , জাতি হিন্দু , পেশা - চাষ , সাং - বিল চাতুরিয়া , থানা - গাইঘাটা , জেলা উত্তর ২৪ পরগণা ।

ক্রমশঃ ......

নিম্ন ......

1000 Rs.




( ২ )

কস্য সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে :- জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট ও সাবরেজিষ্ট্রী যোং এ.ডি.এস.আর বিধাননগর সল্টলেক সিটি এলাকাধীন কলিকাতা পরগণার মৌজা রেকজোয়ানী গ্রামে ২১১৮ নং তৌজি ভুক্ত হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুরের অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি পূর্ব্বাধিকারী জনৈকা সুবাসিনী দাসী মহাশয়ার পৈতৃক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে। সুবাসিনী দাসী উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত জমি ভোগ দখল করিতে থাকাকালীন বিগত ইংরাজী ১৩.৫.১৯৭৪ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৬২ নং ভলুমের ২০২ হইতে ২০৬ নং পাতায় লিখিত ৩১৬০ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবলা দলিলে রেকজোয়ানী হাসপাতাল নিবাসী জনৈকা সুধা ব্যানার্জী ও জনৈকা ইরা দাসগুপ্তা দুয়ের নিকট বিক্রয় করেন ও খাস দখল

প্রদান .....

নিম .......

প্রদান করেন। সুধা ব্যানার্জী ও ইরা দাসগুপ্তা দুয় উক্ত ও তপশীলে বর্ণিত জমি খরিদ্দাতে উহার খাস দখল লইয়া ভোগ দখলিকার থাকাবস্থায় বিগত ইংরাজী ৮.৮.১৯৭৫ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩১ নং ভলুমের ৭০ নং হইতে ৭৪ নং পাতায় লিখিত ৭৫০৯ নং সাফ কোবলা দলিলে আমি অত্র বিক্রেতা আমার নিকট বিক্রয় করিয়া চিরনি:স্বত্ব ও দখলচ্যুত হয়েন। যাহাতে আমি এযাবৎকাল অন্যের নিরাংশে আয় উপস্বত্ব গ্রহণে খাসে মালিক দখলিকার আছি। যাহা আমার বিক্রয় করিবার ষোল আনা স্বত্বাধিকার বর্তমান আছে।

এক্ষণে আমার নানা প্রকার বৈধ কারণ বশত: নগদ টাকার বিশেষ আবশ্যক হেতু নিম্ন তপশীল বর্ণিত ৮ - ৮ - ১০' আট কাঠা আট ছটাক দশ বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদী দরবস্ত হকুক সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনারা উক্ত কোবালা গ্রহীতা তাহা জানিতে পারিয়া উহা উচিত মূল্যে খরিদ করিতে সম্মত হওয়ায় সর্বোচ্চ বাজার দর মূল্য ২০,০০০, কুড়ি হাজার টাকা পণে অদ্য তারিখে উক্ত জমি আপনাদের নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে এককালীন চির নি:স্বত্ব ও দখলচ্যুতা হইলাম এবং উহাতে খাস দখল দিলাম।

আপনারা অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ভোগবান এবং দখলে দখলিকার ও দান বিক্রয়াদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরের স্বত্বাধিকারী হইয়া মালিকান সরকারে আমার নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নাম পত্তন করিয়া নিরূপিত করাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন। কস্মিন কালে আমি মায় ওয়ারিশান গণক্রমে উক্ত বিক্রীত সম্পত্তির উপর কোন প্রকার দাবী দাওয়া ওজরাপত্তি করিতে পারিব না বা যদি কেহ কোন প্রকার দাবী দাওয়া করে বা করি তাহা সর্ব্বত্র সর্ব্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবে।

নিম্ন ......

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব সংশ্রব লভ্য, হক ও হকিয়ৎ ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে রদ রহিত হইয়া অত্র সাফ কোবালা বলে আপনাদিগতে বর্ত্তিল ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে দান, বিক্রয় বা কোন প্রকার দায় সংযুক্ত করি নাই বা উহা কাহারও জামিন দায়ে আবদ্ধ নাই বা উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয়ীভূত সম্পত্তি নহে বা আমি কাহারও বেনামদার নহি বা সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক নোটিশ জারী হয় নাই বা উহা ল্যান্ড এ্যাকুইজিশান বা রিকুইজিশানের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন দেবসেবায় বা ট্রাষ্ট ফান্ডে অর্পিত হয় নাই, উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে তদবস্থায় অদ্য - আপনাদের নিকট সাফ বিক্রয় করিলাম ।

যদ্যপী ভবিষ্যতে উক্ত বিক্রীত সম্পত্তি সম্বন্ধে কোনও প্রকার দায় সংযোগাদি বা কোন প্রকার তঞ্চকতা প্রকাশ পাইয়া বা উপরি উক্ত কোনটি মিথ্যা প্রতিপন্ন হইয়া আপনাদের খরিদা স্বত্ব দখলের কোন ক্ষতি হয় বা করে তাহা হইলে আমি মায় ওয়ারিশান গণক্রমে আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

প্রকাশ থাকে যে অত্র দলিল সংক্রান্ত কোন প্রকার ভুল ভ্রান্তি প্রকাশ পাইয়া আপনাদের খরিদা স্বত্ব আরও দৃঢ় বা কায়েম করনার্থে অত্র দলিলের পোষকতায় পরিপূরক কোন দলিল করিয়া দিবার আবশ্যক হয় তাহা হইলে আমি মায় ওয়ারিশানগণক্রমে বিনা পণে আপনাদের খরচায় দলিলাদি সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সম্যক অবগত হইয়া পণের লিখিত ২০,০০০ কুড়ি হাজার টাকা অদ্য তারিখে নিম্নের জায় মোতাবেক বুঝিয়া পাইয়া অত্র সাফ কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তাং বাংলা ১৩৯৬ সালের ৩১শে শ্রাবণ — ইংরাজী ১৯৮৯ সালের - ২৫শে — জুলাই/

তপশীল সম্পত্তির পরিচয় :-
*******************

১ ) জেলা উত্তর ২৪ পরগণা থানা রাজারহাট ও মৌজা রেকজোয়ানী গ্রামে জে.এল. নং ১০ , রে.সা. নং ১১৮ তৌজি ২১১৮ নং সাবেক খতিয়ান ১৬১৮ নং হাল খতিয়ান - ১৮৬৮ নং ভুক্ত রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট .৪১ শতকের খাজনা বার্ষিক ১দ. আনা টাকার জমা হইতে খন্ড হাল ১৮৬৮।১ নং খতিয়ানে .৩৪ শতকের খাজনা বার্ষিক ১.২০ পয়সার জমার জমি মধ্যে —

সাবেক ৩৪১ তিনশত একচল্লিশ দাগের হাল ৩৬৮ তিনশত আটষট্টি দাগে বাগান .৪০ শতক মধ্যে পূর্বাধিকারীর প্রাপ্ত .২৫ শতক তন্মধ্যে .২০৩০ শতক জমি হইতে আমার খরিদা .১০ দশ শতক স্থানীয় মাপে কমবেশ ৬ - ১ - ১০ ' ছয় কাঠা এক ছটাক দশ বর্গফুট জমির কাত বার্ষিক হারাহারি মতে .৩৫ পয়সার জমা জমি ।

২ ) উক্ত মৌজা রেকজোয়ানী গ্রামে ঐ ঐ অধিকারে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট সাবেক ১০১৭ নং খতিয়ানের হাল ১৪৫৪ নং খতিয়ানে .৫০ শতক জমির কাত বার্ষিক ১৷৶৬ পাই টাকার জমার মধ্যে পূর্বাধিকারীর সাবেক ৩৪১ , ৩৪২ নং দাগের সহিত আপোষ ঘরোয়া বন্টন সূত্রে স্বত্ব দখলিয় .০৪ শতক জমির কাত বার্ষিক হারাহারি মতে .১৫ পয়সার জমা জমি ।

সাবেক ৩৪০ তিন শত চল্লিশ দাগের হাল ৩৬৭ তিনশত সাতষট্টি দাগে বাগান .৫০ শতক মধ্যে আমার খরিদা .০৪ চারি শতক স্থানীয় মাপে ২ - ৭ - ০ ' দুই কাঠা সাত ছটাক জমির কাত বার্ষিক হারাহারি মতে .১৫ পয়সার জমা জমি ।

---

মোট ২ বন্দে .১৪ চৌদ্দ শতক স্থানীয় মাপে কমবেশ ৮ - ৮ - ১০' আট কাঠা আট ছটাক দশ বর্গফুট জমি মায় দরবস্ত হক্ক সম্পত্তি ও যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদি বৃক্ষাদি আকর আওলাতাদি ও অত্র কোবালা ভুক্ত হইল । উক্ত জমি মায় দরবস্ত হক্ক সম্পত্তি অত্র সহ নকসায় লাল রঙে দর্শিত আছে । অত্র সহ নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে ।

যাহার ......

( ৬ )

যাহার চৌহদ্দী :-
****************

উত্তরে :- শোভারানী বিশ্বাস ।

দক্ষিণে :- সুবিমল দত্ত গং ।

পূর্ব্বে :- ৩৩৮ দাগের জমি ।

পশ্চিমে .:- ৩৪০ ,৩৪১ নং দাগের বত্রনী জমি ।

টাকার জায় :-
**************

রিঃ ব্যাঃ নোট ১০০ ˎ টাকা হিসাবে ২০০ কেতায় ..... ২০,০০০ ˎ হাজার টাকা ।

যঃ কুড়ি হাজার টাকা মাত্র ।

আদিত্য আচারিয়া

দলিল প্রস্তুত কারক :-
***************

Sk. Alauddin Ahmed

সেখ আলাউদ্দিন আহম্মদ,
সাং - ধাড়সা, রাজারহাট,
লাইসেন্স নং - XVI/-10

ইসাদী :-
*********

1) Julfikker Ali
Jatragachi.

টাইপকারক :-
********

পিন্টু মিত্র,
নলতা, দমদম ক্যান্ট,
কলিকাতা - ২৮ ।

D/ Sk. Alauddin Ahmed
of Rajarhat

0.50

Book No. I
Volume No. 70/29
Pages 463 to 470/29
Being No. 6134
for the year 19 89

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

Additional District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)
3/2/90